সারা দেশের ন্যায় দর্শনায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত

সারাদেশের ন্যায় দর্শনা পৌরসভার আয়োজনে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত হয়েছে। শনিবার সকাল ৮ টায় দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমানের সার্বিক তত্ত্বাবধানে স্ব,স্ব প্রতিষ্ঠান ও সংগঠনের ব্যানারে দর্শনা কেরুজ বাজার মাঠে গণজমায়েত হয়।

এরপর ৮টা ১৫ মিনিটে জাতীয় পতাকা ও মুক্তিযুদ্ধ পতাকা উত্তোলন, সকল শহীদের স্বরণে ১ মিনিট নিরবতা পালন, মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান, শপথ বাক্য পাঠ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পূস্পমাল্য অর্পন করেন।

জাতীয় পতাকা উত্তোলন করেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, মুক্তিযুদ্ধ পতাকা উত্তোলন করেন, দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছায় কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, শপথ বাক্য পাঠ করান বীর মুক্তিযোদ্ধা কমরেড এ্যাড. শহিদুল ইসলাম।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ শহীদুল ইসলাম, উপাধ্যক্ষ ড. মফিজুর রহমান, দর্শনা ডি.এস মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ আরিফুজ্জামান আরিফ, জেলা পরিষদের সদস্য মুন্সী সিরাজুল ইসলাম সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক সহ বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনের কর্মকর্তা-কর্মচারিগণ।

উক্ত অনুষ্ঠানে অংশ নেন আ.লীগ, যুবলীগ, ছাত্রলীগ, দর্শনা সরকারি কলেজ, দর্শনা ডি,এস ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা, দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দক্ষিণ চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়, মেমনগর বি.ডি মাধ্যমিক বিদ্যালয়, দর্শনা আইডিয়াল স্কুল এন্ড কলেজ, অংকুর আদর্শ বিদ্যালয়, লিটিল এনঞ্জেলস স্কুল, আল হেরা ইসলামী একাডেমির প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়, আজমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্ব রামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পশ্চিম রামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্যামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, জয়নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ঈশ্বরচন্দ্রপুর সরকারি প্রাথমিক

বিদ্যালয়, দক্ষিণ চাঁদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, শান্তিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পরানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কাস্টমস সরকারি প্রাথমিক বিদ্যালয়, দর্শনা পৌর বিশেষ প্রতিবন্ধী শিক্ষা প্রতিষ্ঠান, দর্শনা প্রেস ক্লাব, দর্শনা থানা পুলিশ, দর্শনা সোসাইটি লিমিটেড, দর্শনা গণ উন্নয়ন গ্রন্থাগার, অনির্বাণ থিয়েটার, ওয়েভ ফাউন্ডেশন,দর্শনা মৌচাক ফাউন্ডেশন হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের উপজেলা শাখা সহ বিভিন্ন শ্রেনি পেশার মানুষ।

মহান স্বাধীনতা দিবস উদযাপনে অংশগ্রহণকারী সকলে বাজার মাঠ হতে স্ব,স্ব প্রতিষ্ঠান ও সংগঠনের ব্যানার নিয়ে সারিবদ্ধ হয়ে র্যলিটি দর্শনা কেরুজ ক্যাম্পাস এলাকার আনন্দ বাজারে অবস্থিত স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করেন।

দর্শনায় দলীয় নেতাকর্মীর হামলার শিকার পৌর বিএনপির প্রধান সমন্বয়ক

দর্শনায় নিজ দলীয় নেতাকর্মীর হাতে হামলার শিকার হয়েছে দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক এম,জেনারেল ইসলাম।
শনিবার সকালের দিকে তিনি নিজ দলীয় নেতা-কর্মীর হাতে দু’দফায় হামলার শিকার হয়। এতে শারিরীক ভাবে লাঞ্ছিত করা হয় দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক এম,জেনারেল ইসলাম।

ঘটনাটি নিয়ে এলাকা জুড়ে চলছে আলোচনা-সমালোচনার ঝড়। জানাগেছে, শনিবার সকালে মহান স্বাধীনতা দিবস পালনের উদ্দ্যেশে দর্শনায় আসেন চুয়াডাঙ্গা জেলা বাস-ট্রাক সড়ক পরিবহনের সভাপতি ও বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) সংগঠনের দর্শনা বিএনপি’র প্রধান সমন্বয়ক এম জেনারেল ইসলাম।

এসময় তিনি দর্শনা রেলবাজার বটতলা সংলগ্ন আল্লাহর দান হোটেলের সামনে দাঁড়িয়ে দর্শনা মোটরশ্রমিক ইউনিয়ন শাখা কার্যালয়ের সাধারন

সম্পাদক নাজিম উদ্দিনের সঙ্গে আলাপচারিতা করছিলেন।

সে সময় একই সংগঠনের দর্শনা পৌর যুব দলের সাবেক সাংগঠনিক সম্পাদক ও বর্তমান সমন্বয়কারী কমিটির সদস্য নাহারুল ইসলাম, জয়নগরের ওসমান, সহ ১০/১২ জন নেতা-কর্মী গালমন্দ সহ অতর্কিত হামলা চালায় এম,জেনারেলের উপর।
এসময় স্থানীয় লোকজনের সহায়তায় হামলাকারীদের কবল থেকে উদ্ধার করা হয় তাকে। এরপর তিনি চুয়াডাঙ্গার উদ্দ্যেশে ফেরার সময় পথিমধ্যে দর্শনা সুইপার কলনীর সামনে পৌছালে তারা পূনরায় পথ গতিরোধ করে তাকে মারধর সহ শারিরীক ভাবে লাঞ্ছিত করা হয়।

একটি সুত্রে জানা যায়, এ হামলার সময় শারিরীক ভাবে লাঞ্ছিত হয় এম,জেনারেল ইসলামের বহনকারী মোটরসাইকেল চালক দর্শনা মোটরশ্রমিক ইউনিয়ন শাখা কার্যালয়ের সাধারন সম্পাদক নাজিম উদ্দিন।

দর্শনা মোটরশ্রমিক ইউনিয়ন শাখা কার্যালয়ের সাধারন সম্পাদক নাজিম উদ্দিন বলেন, এম,জেনারেল ইসলাম চুয়াডাঙ্গা হতে দর্শনায় বাস যোগে দর্শনায় মহান স্বাধীনতা দিবসে পৌর বিএনপির র্যালীতে যোগদানের জন্য দর্শনায় আসেন। এজন্য আমাকে দর্শনা বাসস্ট্যান্ডে থাকতে বলে।

সে কথা অনুযায়ী আমি বাসস্ট্যান্ড হতে মোটরসাইকেল যোগে তাকে নিয়ে রেলবাজারের আল্লাহর দান হোটেলের সামনে নিয়ে দাঁড়িয়ে কথা বলার সময় নাহারুল সহ কয়েকজন চুয়াডাঙ্গা জেলা বাস-ট্রাক সড়ক পরিবহন ইউনিয়নের সভাপতি ও বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) সংগঠনের দর্শনা বিএনপি’র প্রধান সমন্বয়ক এম জেনারেল ইসলাম হামলা চালিয়ে মারধর করা সহ শারিরীক ভাবে লাঞ্ছিত করে।

এরপর সেখান হতে ফিরে যাওয়ার সময় পথিমধ্যে দর্শনা সুইপার কলনীর নিকট পৌছালে পূনরায় সেখানে পথ গতিরোধ করে মারধর সহ শারিরীক ভাবে লাঞ্ছিত করে।

এবিষয়ে জানতে এম,জেনারেল ইসলামের মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলে ফোন বন্ধ থাকায় তিনার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

নাহারুল ইসলামের মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, আমি একটু সমস্যার মধ্যে আছি পরে কথা বলছি।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ,এইচ,এম লুৎফুল কবীর বলেন, ঘটনাটি আমি শুনেছি তবে এবিষয়ে কেউ থানায় অভিযোগ করেনি।

বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার সমিতির নির্বাচনে অধ্যক্ষ কামাল হাসান নির্বাচিত

বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার সমিতির নির্বাচন-২০২২ অনুষ্ঠিত হয়েছে। গত রবিবার অনুষ্ঠিত নির্বাচনে মুজিবনগর ডিগ্রী কলেজের অধ্যক্ষ প্রফেসর খোন্দকার কামাল হাসান বিপুল ভোটে নির্বাচিত হয়েছেন।

নোমান শওকত প্যানেল থেকে সহ সভাপতি পদে (খুলনা অঞ্চল) বিপুল ভোটে তিনি নির্বাচিত হন। গত শুক্রবার আনুষ্ঠানিক ভাবে নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়।

নির্বাচনে মোট ৬টি প্যানেলে খোন্দকার কামাল হাসান পেয়েছেন ৩৫৭০ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী এস এম আনোয়ারুজ্জামান পেয়েছেন ৫৩৫৫ ভোট।

নির্বাচনে জয়লাভ করায় মুজিবনগর শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক প্রভাষক হেলাল উদ্দিনসহ শিক্ষকবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়।

মহান স্বাধীনতা দিবসে,ভালোবাসার বন্ধনের সহায়তা প্রদান

মহান স্বাধীনতা দিবস উপলক্ষে “ভালোবাসার বন্ধন দর্শনা” এর উদ্দ্যেগে দর্শনা পৌর এলাকার আজমপুর গ্রামের একজন বৃদ্ধাকে

খাদ্য সামগ্রী ও নগদ অর্থ সহায়তা করা হয়েছে।

শনিবার বিকালের দিকে দর্শনা পৌর এলাকার আজিমপুর গ্রামের অসহায় ওই বৃদ্ধার বাড়ি খাদ্য সামগ্রী ও নগদ অর্থ প্রদানের সময় উপস্থিত ছিলেন, ভালোবাসার বন্ধনের সম্মানিত উপদেষ্টা ও দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, মমিনুল ইসলাম ভালোবাসার বন্ধনের সাধারণ সম্পাদক নুরনবী সুমন, সাংগঠনিক সম্পাদক আয়নাল হক, দপ্তর সম্পাদক আসহাবুল আলম দর্শনা, দুর্যোগ ব্যবস্থাপনা সম্পাদক মাসুম, সদস্য আমিনুর রহমান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ ও আহসান হাবীব মামুন, প্রমুখ।

ভালোবাসার বন্ধন দর্শনা এভাবেই সমাজের অসহায় মানুষের পাশে থেক কাজ করবে এমটাই জানান উপস্থিত সকলে।

দামুড়হুদায় স্বাধীনতা দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা সাব রেজিস্ট্রী অফিসের আয়োজনে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন, কর্ম ও বাংলাদেশের স্বাধীনতা শীর্ষক আলোচনাসভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে উপজেলা সাব রেজিস্ট্রী অফিস চত্তরে আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রার নফিয বিন যামানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনাসভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সস্পাদক বখতিয়ার হোসেন বকুল, উপজেলা দলিল লেখক সমিতির যুগ্মসস্পাদক মোমিনুল ইসলাম মনির, নুর আলম লাভলু, অর্থ সম্পাদক শমশের আলী, সাবেক সহসভাপতি সাইদুর রহমান, সদস্য ইউসুফ আলী খান ইছা মেম্বার, আবু সাঈদ, উসমান আলী, উপজেলা সাব রেজিস্ট্রী অফিসের অফিস সহকারী আজিজুর রহমান, অফিস সহায়ক মিলন, লিটনসহ অন্যান্য দলিল লেখক ও নকল নবিশবৃন্দ। অনুষ্টান পরিচালনা

করেন যুগ্মসম্পাদক মোমিনুল ইসলাম মনির।

মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে সাংস্কৃতিক সন্ধ্যা

মেহেরপুরে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছে। শনিবার রাতে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলায়াতে এ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসন আয়োজিত, সাংস্কৃতিক সন্ধ্যায় মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পি পি পল্লব ভট্টাচার্য, জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক উপপরিচালক স্থানীয় সরকার মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

এসময় সাংস্কৃতিক অনুষ্ঠানে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী শিল্পীবৃন্দ সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করে দর্শকদের মন জয় করে।

পরে স্বাধীনতা দিবস উপলক্ষে অনুষ্ঠিত হওয়া শিশু একাডেমী প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

কোটচাঁদপুরে নানা আয়োজনে

স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত

২৬ মার্চ বাঙ্গালীর জাতীয় জীবনে এক ঐতিহাসিক ও গৌরবের দিন। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের এ অবিস্মরনীয় দিনে সশ্রদ্ধচিত্তে স্মরণ করছে জাতি।

দিনটি যথাযথ মর্যাদার সাথে উদ্যাপন করার লক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের পক্ষ থেকে নানা কর্মসূচি পালন করা হয়। শনিবার দিবসের প্রথম প্রহরে স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে মাঠ প্রাঙ্গনে একত্রিশবার তোপধ্বনির মধ্যে দিয়ে দিবসটির সূচনা করা হয়।

পরে কোটচাঁদপুর কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এতে উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ, থানা পুলিশ, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা ও পৌর আওয়ামী লীগ এবং অঙ্গ সংগঠন , উপজেলা ও পৌর বিএনপি সহ বিভিন্ন রাজনৈতিক সামাজিক, সাংস্কৃতিক, সাংবাদিক সংগঠন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা শহীদ বেদীতে শ্রদ্ধা নিবেদন করেন।

পরে উপজেলা প্রশাসনের আয়োজনে সকাল ৮টায় স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সংগঠনের পক্ষ থেকে কুচকাওয়াজ ও সালাম গ্রহন করা হয়।

পরে উপজেলা প্রশাসনের আয়োজনে বিদ্যালয় ভবন মিলনায়তনে স্বাধীনতার বীর মুক্তিযোদ্ধা যুদ্ধাহত ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি মহান স্বাধীনতায় অগ্রণী ভূমিকা রাখায় বীর মুক্তিযোদ্ধা, যোদ্ধাহত ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের হাতে সম্মাননা ক্রেষ্ট তুলে দেন।

সন্ধায় উপজেলা পরিষদ প্রাঙ্গনে মনোজ্ঞ সাং◌াস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শীলা বেগম ও তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা।

জীবননগরে মহান স্বাধীনতা দিবস পালিত

চুয়াডাঙ্গা জীবননগরে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস । শনিবার সকাল ৮টার সময় মুক্কিযোদ্ধা কমপ্লেক্স ভবনের সমানে ৩১বার তোপধ্বনি ও জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন,কুচকাওয়াজ,শরীরচর্চা প্রদর্শন ও পুরস্কার বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,পৌর মেয়র রফিকুল ইসলাম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আব্দুল লতিফ,বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান,দলিল উদ্দিন দলু,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকি,জীবননগর পৌর আওয়ামীলীগের সভাপতি নাসির উদ্দিন,সাধারন সম্পাদক ও সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক,জীবননগর পৌর যুবলীগের সভাপতি শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবু,সাধারন সম্পাদক মজিবার রহমান সহ স্থানীয় রাজনৈতিক নেতাকর্মি ও সুধীব্যাক্তিগন উপস্থিত

ছিলেন।উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন উপজেলা মাধমিক শিক্ষা অফিসার দ্বিনেশ চন্দ্র পাল,উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার।

মেহেরপুরে নানা আয়োজনে পালিত হচ্ছে স্বাধীনতা দিবস

মেহেরপুরে নানা আয়োজনে মধ্য দিয়ে পালিত হচ্ছে স্বাধীনতা দিবস। শনিবার সকালে সার্কিট হাউজ প্রাঙ্গণে তোপধ্বনির মাধ্যমে দিবসের সূচনা হয়।

মেহেরপুর স্টেডিয়ামে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা উত্তোলন করেন এ সময় সেখানে কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শন করা হয়।

মহান স্বাধীনতা দিবস প্যারেডে অংশগ্রহণ করে বাংলাদেশ পুলিশ, জেল পুলিশ, ফায়ার সার্ভিস, আনসার ও ভিডিপি, বিএনসিসি সরকারি কলেজ, বিএনসিসি সরকারি মহিলা কলেজ, বিএনসিসি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, রোভার স্কাউট মেহেরপুর সরকারি কলেজ, সরকারি মহিলা কলেজ রোভার দল, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড বিএম কলেজ, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, স্কাউট সরকারি বালক উচ্চ বিদ্যালয়।

এছাড়াও মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, এ এল এম জিয়াউল হক ফ্রেন্ডস ফাউন্ডেশন, কবি নজরুল শিক্ষা মঞ্জিল, জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ সহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীরা মহড়ায় অংশগ্রহণ করেন।

এ সময় জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন। পরে তিনি শান্তির প্রতীক পায়রা ওড়ান এবং মেহেরপুর বাসীর উদ্দেশ্যে ভাষণ দেন। পরে সেখানে মনোজ্ঞ শরীরচর্চা প্রদর্শন ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এ সময় পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, জেলা ও দায়রা জজ মোঃ ওয়ালীউর রহমান, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, পিপি পল্লব ভট্টাচার্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট মিয়াজান আলী, প্রফেসর হাসানুজ্জামান মালেক, সদর থানার ওসি শাহ দারা সহ সরকারি কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে যথাযথ মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালন

মেহেরপুরে যথাযথ মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালন করা হয়েছে। শনিবার সকালে মেহেরপুর কলেজ মোড়ে অবস্থিত শহীদ স্মৃতিসৌধে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

এসময় মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম, পুলিশ সুপার রাফিউল আলম,জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম,মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, পিপি পল্লব ভট্টাচার্য, উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর পৌরসভা মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট মিয়াজান আলী প্রমুখ স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করেন।

এছাড়াও জেলা ছাত্রলীগ, জেলা যুবলীগ,জেলা কৃষকলীগ, মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা শ্রমিক লীগ, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পল্লী বিদ্যুৎ, মেহেরপুর সরকারি গণগ্রন্থাগার, মেহেরপুর শিল্পকলা, সমবায় অফিস, কৃষিবিদ ইনস্টিটিউশন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ,জে আনসার ভিডিপি, টিটিসি ও মেহেরপুরের সকল শিক্ষাপ্রতিষ্ঠান এ সময় স্মৃতিসৌধে